১৬/৯/২০০৩

ভোরের কাগজ

তারিখ ঃ ........
পৃষ্ঠা ১৮ কলাম ৮......

# ভ্রাম্যমাণ লাইব্রেরির খোঁজ

এককোটি লোকের শহর ঢাকায় এমন লাইব্রেরি নেই বললেই চলে যেখান থেকে পাঠকরা বই বাড়িতে নিয়ে পড়ার সুযোগ পেতে পারেন। বাংলামোটরস্থ বিশ্বসাহিত্য কেন্দ্রের মূল ভবনে এমন একটি লাইব্রেরি চালু রয়েছে। এখান থেকে মহানগরীর কয়েক হাজার পাঠক নিয়মিতভাবে বই বাড়িতে নিয়ে পড়ার সুযোগ পাচ্ছেন। ঢাকা মহানগরীর অপর্যাপ্ত, ব্যয়বহুল ও কষ্টসাধ্য যাতায়াত ব্যবস্থার কারণে অনেক পাঠক লাইব্রেরিটি ব্যবহারের সুযোগ নিতে পারছেন না। তাদের জন্য 'বিশ্ব সাহিত্য কেন্দ্র ' ভ্রাম্যমাণ লাইব্রেরির ' ব্যবস্থা করেছেন। এবার জেনে নেওয়া যাক ভ্রাম্যমাণ লাইব্রেরির খোঁজখবর । দুইটি বড়ো ও দুইটি ছোট আকারের গাড়িতে গড়ে উঠেছে এই ভ্রাম্যমাণ লাইব্রেরি । এই লাইব্রেরিতে রয়েছে জনপ্রিয় উপন্যাস, গল্পের বই, রম্য রচনা, ভ্রমণ কাহিনী, কবিতার বই, প্রবন্ধের বই , জীবনী গ্রন্থ থেকে শুরু করে দর্শন ,বিজ্ঞান,ইতিহাস ,সমাজতত্ত্ব ইত্যাদি বিষয়ে যাবতীয়



প্রতি সপ্তাহে একটি নির্দিষ্ট দিনে ও সময়ে উপস্থিত থাকে।

**সদস্য হওয়ার নিয়ম**

আপনি দুই ধরনের সদস্য হতে পারেন। যেমন সাধারণ সদস্য ও বিশেষ সদস্য। সাধারণ সদস্যদের ১০০ টাকা এবং বিশেষ সদস্যদের ২০০ টাকা নিরাপত্তা অর্থ জমা দিতে হবে। মাসিক গ্রন্থাগার চাঁদা দিতে হবে ১০ টাকা করে। সদস্য হওয়ার সময় আপনাকে ছয় মাসে চাঁদা অগ্রিম পরিশোধ করতে হবে। আপনি যদি বাড়িতে বসে বই পেতে চান তাহলে মাসিক অতিরিক্ত ১০ টাকা করে জমা দিতে হবে। আপনি সদস্য হলে লাইব্রেরি কার্ড পাবেন। বই নেওয়া-দেওয়ার সময় আপনাকে লাইব্রেরি কার্ড দেখাতে হবে। সাধারণ সদস্যরা একসঙ্গে ১৫০ টাকার এবং বিশেষ সদস্যরা ২৫০ টাকার বেশি মূল্যের বই বাড়িতে নিতে পারবে না। নেওয়া বই দুই সপ্তাহের মধ্যে ফেরত দিতে হবে। অন্যথায় প্রতিটি বইয়ের জন্য প্রতি সপ্তাহ দুই টাকা করে জরিমানা দিতে হবে।